



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-৩০/১০/২০২১খিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের কমিউনিটি পুলিশিং ডে-২০২১ উদযাপন



কমিউনিটি পুলিশিং ডে-২০২১ উপলক্ষে রংপুর মেট্রোপলিটন পুলিশ কমিউনিটি পুলিশিং রংপুর মেট্রোপলিটন কমিটি কর্তৃক বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। এবারের প্রতিপাদ্য “মুজিববর্ষে পুলিশ নীতি, জনসেবা আর সম্প্রীতি”। এই প্রতিপাদ্যকে সামনে রেখে অদ্য ৩০/১০/২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় রংপুর শহরের বঙ্গবন্ধু চত্বরে বঙ্গবন্ধু মুরোরালের সামনে বিভিন্ন সামাজিক প্রতিনিধিদের সম্প্রীতি সমাবেশ অনুষ্ঠিত হয়। দেশের কয়েকটি স্থানে দুর্ভুক্তিকারী কর্তৃক সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার অপচেষ্টা প্রতিহত করতে হাতে হাতে রেখে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার প্রত্যয় ঘোষণা করা হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরপিএমপি'র সম্মানিত পুলিশ কমিশনার জনাব মোহাঃ আবদুল আলীম মাহমুদ বিপিএম মহোদয়।

ধর্মীয় নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন ইসলাম ধর্মের মাওলানা বায়েজিদ হোসেন, হিন্দু ধর্মের শ্রীমৎ ভক্তি প্রিয়ম গজাধর গোস্বামী মহারাজ, বৌদ্ধ ধর্মের শুভ মিত্র ভিক্ষু এবং খ্রিস্টান ধর্মের জনাব বিজয় আক্কা। অনুষ্ঠানে তারা নিজ নিজ ধর্মের অসাম্প্রদায়িক চেতনাকে তুলে ধরেন। পরে প্রধান অতিথি সকলকে অসাম্প্রদায়িক চেতনা ধারণ করার প্রত্যয় ঘোষণা করে শপথ বাক্য পাঠ করেন। রংপুর মেট্রোপলিটন পুলিশিং কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মোসাদ্দেক হোসেন বাবলু, সাধারণ সম্পাদক জনাব মোঃ জাকারিয়া পিন্টু সহ কমিউনিটি পুলিশের নেতৃবৃন্দ এবং রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে শান্তির প্রতীক কবুতর উড়িয়ে সম্প্রীতি প্রত্যয় ব্যক্ত করা হয়।

সকাল ১০.৩০ ঘটিকায় স্বেচ্ছায় রক্তদান এবং ডায়াবেটিকস চেকআপ কার্যক্রম শুরু হয়। সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে কার্যক্রম সাফল্য অর্জন করে।

আলোচনা অনুষ্ঠান শেষে প্রীতি ক্রিকেট ম্যাচের পুরস্কার বিতরণ করা হয় এবং ৬ জন শ্রেষ্ঠ কমিউনিটি পুলিশিং সংগঠক ও ৬ জন শ্রেষ্ঠ বিট অফিসারকে পুরস্কৃত করা হয়।

এ অনুষ্ঠানে বাংলাদেশ পুলিশের মাননীয় আইজিপি ড.বেনজির আহমেদ বিপিএম (বার) কর্তৃক কমিউনিটি পুলিশিং রংপুর মেট্রোপলিটন কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মোসাদ্দেক হোসেন বাবলু ও এসআই (নিঃ)/ শ্রী জ্যোতিষ চন্দ্রকে প্রদত্ত ফ্রেস্ট ও সার্টিফিকেট হস্তান্তর করা হয়। অনুষ্ঠান শেষে সম্মানিত প্রধান অতিথি অন্যান্য অতিথিদের নিয়ে কেক কাটেন। এছাড়াও প্রত্যেক থানাতেও কমিউনিটি পুলিশিং কমিটি কর্তৃক কেক কেটে দিনটি উদযাপন করা হয়।

সন্ধ্যা ১৮.০০ ঘটিকায় আরপিএমপি'র ৬ থানার বিভিন্ন পয়েন্টে দুস্থদের মাঝে খাদ্য বিতরণ করা হয়। এতে ১০০০ জন অসহায় মানুষ রান্না করা খাবার পেয়ে উপকৃত হয়। তারা বাংলাদেশ পুলিশ ও কমিউনিটি পুলিশিং রংপুর মেট্রোপলিটন কমিটির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে।

উল্লেখ্য যে, কমিউনিটি পুলিশিং ডে-২০২১ উপলক্ষে স্থানীয় পত্রিকা দৈনিক দাবানল, দৈনিক পরিবেশ, দৈনিক যুগের আলো ও দৈনিক অর্জন এ পূর্ণ পৃষ্ঠার বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয়। এছাড়াও বাংলাদেশ বেতার রংপুর কেন্দ্র থেকে কমিউনিটি পুলিশিং ডে-২০২১ উপলক্ষে একটি আলোচনা অনুষ্ঠান প্রচারিত হয়। সকল অনুষ্ঠানে মহানগরের সম্মানিত নাগরিকগণ স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করেন এবং অনুষ্ঠানসমূহ সকলের নিকট প্রশংসিত হয়।

এ কার্যক্রম আয়োজন করে রংপুর মেট্রোপলিটন পুলিশ এবং কমিউনিটি পুলিশিং রংপুর মেট্রোপলিটন কমিটি। সহযোগিতায় ছিল রংপুর কমিউনিটি মেডিকেল কলেজ হাসপাতাল ও লায়স ক্লাব, রংপুর মহানগর। স্বেচ্ছায় রক্তদান কার্যক্রমে মোট ৫০ ব্যাগ রক্ত সংগ্রহ করা হয় এবং ১৭৪ জনকে ফ্রি ডায়াবেটিকস চেকআপ করা হয়।

সকাল ১০.৪৫ মিনিটে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী এবং সাধারণ মানুষের মাঝে গাছের চারা বিতরণ করা হয়। ১৫০০টি বিভিন্ন জাতের চারা সর্বসাধারণের মধ্যে বিতরণকালে জনসাধারণের মাঝে বিপুল আগ্রহ লক্ষ্য করা যায়।

সকাল ১১.০০ ঘটিকায় রংপুর জিলা স্কুল মাঠে একটি প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। রংপুর মেট্রোপলিটন পুলিশ এবং কমিউনিটি পুলিশিং রংপুর মেট্রোপলিটন কমিটির মধ্যে অনুষ্ঠিত ম্যাচে কমিউনিটি পুলিশিং রংপুর মেট্রোপলিটন কমিটি বিজয়ী হয়।

দুপুর ১৫.০০ ঘটিকায় রংপুর জিলা স্কুল অডিটোরিয়ামে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সম্মানিত পুলিশ কমিশনার জনাব মোহাঃ আবদুল আলীম মাহমুদ বিপিএম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মোসাদ্দেক হোসেন বাবলু। অন্য সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ কমিশনার জনাব মোঃ মেহেদুল করিম পিপিএম ও কমিউনিটি পুলিশিং রংপুর মেট্রোপলিটন কমিটির সাধারণ সম্পাদক জনাব মোঃ জাকারিয়া পিন্টু। বজ্রা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বপ্ন বাস্তবায়ন এবং সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার ওপর গুরুত্ব আরোপ করেন। প্রধান অতিথি তাঁর ভাষণে মাদকমুক্ত সমাজ গড়তে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সকলকে যার যার স্থান থেকে এগিয়ে আসার আহ্বান জানান।

৩০.১০.২০২১

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১